গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

কৃষিই সমৃদ্ধি

তুলা উন্নয়ন বোর্ডের ২০২৩-২৪ অর্থবছরের বিভাগীয় (৩য়) সমন্বয় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: ফখরে আলম ইবনে তাবিব<br>নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৮/০৯/২০২৩ খ্রি: |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | তুলা উন্নয়ন বোর্ডের প্রশিক্ষণ কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বলেন যে, তুলা উন্নয়ন বোর্ড-এর সকল কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব তুলা উন্নয়ন বোর্ডকে এগিয়ে নিয়ে যাওয়া। পরবর্তীতে তিনি মো: মাহমুদুল হাসান, তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড-কে এজেন্ডা অনুযায়ী আলোচনা করার অনুরোধ করেন। উক্ত সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং তা বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

**সিদ্ধান্তসমূহ**

**১. ই-ফাইলিং ও তথ্য বাতায়ন:**

**ই-ফাইলিং:**

**আলোচনা:** তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের সেপ্টেম্বর মাসের ই-ফাইলিং রিপোর্ট

| ক্র.নং. | দপ্তরের নাম | ই-ফাইলে নোট নিষ্পন্নেরসংখ্যা | হার্ড ফাইলে নোট নিষ্পন্নের সংখ্যা | মোটসংখ্যা | ই-ফাইলে নোট নিষ্পন্নের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ১. | তুলা উন্নয়ন বোর্ড | ৫৩৯ | ২৫ | ৫৬৪ | ৯৫.৫৭% |

**সিদ্ধান্ত-i:** সকল শাখাকে কমপক্ষে ৮৫% নথি কার্যক্রম ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। ই ফাইলিং কার্যক্রম-এর মাসিক প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণের জন্য প্রতিমাসে মাঠ পর্যায়ের কার্যালয় সমূহে পত্র প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত-ii:** পরবর্তী সমন্বয় সভা থেকে মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের ই-ফাইলিং অগ্রগতি উপস্থাপন করতে হবে।

**তথ্য বাতায়ন:**

**আলোচনা:** তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের সেপ্টেম্বর মাসের তথ্য বাতায়ন হালনাগাদকরণের রিপোর্ট:

| ক্র.নং. | দপ্তরের নাম | সর্বমোট আপলোটকৃত তথ্য |
|---|---|---|
| ১. | তুলা উন্নয়ন বোর্ড | ৩৪৪টি |

**সিদ্ধান্ত-iii:** পরবর্তী সমন্বয় সভা থেকে মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের তথ্যবাতায়ন হালনাগাদকরণের অগ্রগতি উপস্থাপন করতে হবে।

**বাস্তবায়নকারী:** আইসিটি শাখা।

**২. শূণ্য পদ পূরণ এবং পদ সৃজন:**

**আলোচনা:** সভায় প্রশাসন শাখার বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত-i:** শুন্য পদ দ্রুত পূরণ করার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। আউটসোর্সিং এবং প্রকল্পের মাধ্যমে জনবল নিয়োগর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** ড. মোঃ গাজী গোলাম মর্তুজা, সাবিহা রোকসানা এবং প্রশাসন শাখা।

**৩. বিটি কটন ও গবেষণার অগ্রগতি:**

**সিদ্ধান্ত-i:** বিটি কটন-এর প্রদর্শনীর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

**বাস্তবায়নকারী:** ড. মো: কামরুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও গবেষণা শাখা।

**৪. প্রকল্পের অগ্রগতি:**

**সিদ্ধান্ত-i:** APP অনুযায়ী সকল ক্রয় কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং প্রকল্পের অগ্রগতি শতভাগ অর্জন করতে হবে।

**বাস্তবায়নকারী:** সকল প্রকল্প পরিচালক।

**৫. অডিট আপত্তি:**

**আলোচনা:** মোট ২৬ টি অডিট আপত্তির মধ্যে আগস্ট/২০২৩ মাসে ৬টি নিষ্পন্ন হয়েছে। ১টি দ্বিপাক্ষিক সভা সম্পন্ন হয়েছে।

**সিদ্ধান্ত-i:** বাকি ২০ টি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** সহকারী পরিচালক এবং হিসাব শাখা।

**৬. বাজেট ও হিসাব সংক্রান্ত:**

**সিদ্ধান্ত-i:** প্রতিমাসের প্রথম সপ্তাহে বাজেট বাস্তবায়ন কমিটির (BIC) সভা আয়োজন করতে হবে।

**বাস্তবায়নকারী:** উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তর এবং হিসাব শাখা।

**৭. প্রকিউরমেন্ট সংক্রান্ত:**

**সিদ্ধান্ত-i:** রাজস্ব বাজেটের আওতায় APP অনুযায়ী সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রকিউরমেন্ট শাখা।

**৮. প্রশিক্ষণ এবং কর্মশালা সংক্রান্ত:**

**সিদ্ধান্ত-i:** ০৭/১০/২০২৩ খ্রিঃ তারিখে তুলা উন্নয়ন বোর্ড সদর দপ্তরে "বিশ্ব তুলা দিবস" নিয়ে একটি সেমিনার আয়োজন করতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রশিক্ষণ শাখা।

**৯. এপিএ বিষয়ক কার্যক্রম:**

**সিদ্ধান্ত- i:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এবং অন্যান্য ৫টি কর্মপরিকল্পনা যথাসময়ে শতভাগ বাস্তবায়ন করতে হবে।

**সিদ্ধান্ত-ii:** আগামী অক্টেবর, ২০২৩ খ্রিঃ এর মধ্যে এপিএ অন্তর্ভূক্ত সকল কর্মপরিকল্পনার রিপোর্ট প্রদান করতে হবে।

**বাস্তবায়নকারী:** এপিএ টিম এবং সকল কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্টগণ।

**১০. বিবিধ:**

**সিদ্ধান্ত-i:** তুলা উন্নয়ন বোর্ডের সকল আঞ্চলিক কার্যালয় পর্যায়ে মনিটরিং টিম গঠন করতে হবে এবং উক্ত টিম মাঠ পর্যায়ে নিয়মিত পরিদর্শন করে ছবি সহ সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড করবেন।

**বাস্তবায়নকারী:** মনিটরিং শাখা

**আলোচনা:** তুলা ভবন উদ্বোধনের পর উক্ত ভবনে সম্পূর্ণ রূপে অফিসিয়াল কাজ শুরু হয়ে যাওয়া সত্ত্বেও ভবনের পার্কিং-এর স্থানে ভবনের নির্মাণ শ্রমিকেরা এখনো বসবাস করছে।

**সিদ্ধান্ত-ii:** সার্বিক নিরাপত্তার কথা বিবেচনা করে তুলা ভবন থেকে শ্রমিকদের অপসারণ করার জন্য গণপূর্ত অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত-iii:** জুলাই, ২০২৩ খ্রিঃ পর্যন্ত বিদ্যুৎ বিল, মেইনটেনেন্স বিল সহ অন্যান্য বিল পরিশোধ করার জন্য গণপূর্ত অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** ড. মোঃ গাজী গোলাম মর্তুজা, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ, সাবিহা রোসানা, তুলা উন্নয়ন কর্মকর্তা এবং প্রকিউরমেন্ট শাখা

**সিদ্ধান্ত- iv:** ডিজিটাল মনিটরিং ব্যবস্থাপনার অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করতে হবে।

**বাস্তবায়নকারী:** মোঃ মনজুরুল হুদা, তুলা উন্নয়ন কর্মকর্তা এবং সুবীর কুমার বিশ্বাস, তুলা উন্নয়ন কর্মকর্তা।

**সিদ্ধান্ত-v:** আনসার নিয়োগের বিষয়ে অর্থমন্ত্রণালয়ের অনুমোদনের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করে পত্র প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারী:** এম. এম. আবু জাফর, হিসাব রক্ষণ কর্মকর্তা এবং হিসাব শাখা।

**সিদ্ধান্ত-vi:** তুলা ভবনের ডরমেটরির ফার্নিচার ক্রয়ের লক্ষ্যে বাজার যাচাই করার জন্য নিম্নবর্নিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করে পত্র প্রদান করতে হবে।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী |
|---|---|---|
| ১. | মোঃ কুতুব উদ্দীন | উপপরিচালক |
| ২. | এস. এম আবদুল বাতেন | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা |
| ৩. | মো: আবু তালেব চৌধুরী | আঁশ প্রযুক্তিবিদ |

**বাস্তবায়নকারী:** পরিকল্পনা শাখা।

**সিদ্ধান্ত-vii:** ড. মোঃ গাজী গোলাম মর্তুজা, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ কে আইসিটি শাখায় এবং সুবীর কুমার বিশ্বাস, তুলা উন্নয়ন কর্মকর্তা কে নির্বাহী পরিচালকের শাখায় ও অতিরিক্ত দায়িত্ব হিসেবে পরিকল্পনা শাখায় ন্যস্ত করার জন্য পত্র প্রদান করতে হবে।

**বাস্তবায়নকারী:** প্রসাসনিক কর্মকর্তা।

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্ত ঘোষনা করেন।

ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৩.০১.০১৩.১৯.২৯৪

তারিখ: ২৫ আশ্বিন ১৪৩০
১০ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা) (চলতি দায়িত্ব), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড

২) উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড

৩) মৃত্তিকা উর্বতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড

৪) প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, তুলা গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড

৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা শাখা, তুলা উন্নয়ন বোর্ড

৬) সিনিয়র জিনিং অফিসার , মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড

৭) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), এনহানসিং ক্যাপাসিটি ইন কটন ভ্যারাইটিস ডেভেলপমেন্ট প্রকল্প

৮) সিনিয়র সীড প্রোডাকশান অফিসার, মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড

৯) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড

১০) তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রকিউরমেন্ট শাখা, তুলা উন্নয়ন বোর্ড

১১) তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড

১২) তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড

১৩) সহকারী পরিচালক, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড

১৪) কটন ইউনিট অফিসার, স্টোর শাখা, তুলা উন্নয়ন বোর্ড

১৫) হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), হিসাব শাখা, তুলা উন্নয়ন বোর্ড

১৬) প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, তুলা উন্নয়ন বোর্ড

মোঃ মাহমুদুল হাসান
তুলা উন্নয়ন কর্মকর্তা